
6604 I 5930 750 Rs.




Admissible under Regn. Rule, 21 ...s ... 5/1/ of the West- ... Act. 1935 duly stamped ... from or does not requi- ... duty) under the indian ... Act 1899 as amended in 1976
Schedule 1A No. ... 23
Process Fee ...
Paid in C. F. S. 3.50 P.

A 139.50
N 1.20
140.70

Rabindra Nath Ghosh
Ramendra Nath Ghosh
Rathindra Nath Ghosh

13.10.8

মং ১৫,০০০.০০ পনের হাজার টাকা মূল্যের
নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল ঃ-

কোবালা গ্রহিতা ঃ-

শ্রী ধীরেন্দ্র চন্দ্র সরকার, পিতা
মৃত কৈলাস চন্দ্র সরকার, জাতি
হিন্দু, পেশা চাকুরী, সাকিন
১০১। সি, হাজরা রোড, থানা
টালিগঞ্জ, কলিকাতা - ৭০০০২৬।

কোবালা দাতা ঃ-

১। শ্রী রবীন্দ্র নাথ ঘোষ,
২। শ্রী রমেন্দ্র নাথ ঘোষ,
৩। শ্রী রথীন্দ্র নাথ ঘোষ, সকলের
পিতা মৃত বীরেন্দ্রচন্দ্র ঘোষ, জাতি
হিন্দু, পেশা চাকুরী ও ব্যবসা,
সাকিন ১৭৭বি, কালীঘাট রোড
থানা ভবানীপুর, কলিকাতা -৭০০০২৫

A 139.50
N 1.20
140.70

কস্য রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট কমবেশী ৩।৮০ তিন কাঠা

100Rs.

INDIA NON JUDICIAL

১০০রু. Rs100

भारत

एक सौ रुपया ONE HUNDRED RUPEES

॥ ২ ॥

Rabindra Nath Ghosh

Ramendra Nath Ghosh

Rathindra Nath Ghosh

কাঠা নয় ছটাক বাগান জমি মায় যাতায়াতের জন্য যে কমন প্যাসেজ বিদ্যমান আছে, -উক্ত কমন প্যাসেজের যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা ২৪ পরগণা, থানা বেহালা, হাল ঠাকুরপুকুর, সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটীর অধিন সাবরেজিষ্ট্রী অফিস আলিপুর, পরগণা খাসপুর, তৌজি নং ৮, রেঃ সাঃ নং ২৮, জেঃ এলঃ নং ১২, মৌজা সৈয়দপুর গ্রামে সাবেক ১৪৫ নং খতিয়ানের স্থলে হাল ১৬৬ নং খতিয়ানে লিখিত ৪৯৭ নং দাগের জমি জমা যাহা চেতলা নিবাসী বিজয় কুমার আঢ্য দিগের অধিনস্থ বার্ষিক ১২।৶৬ পাই টাকা জমা থাকা কালে দীননাথ দত্ত মহাশয়ের স্ত্রী শ্রীমতী মানময়ী দাসী মহাশয়া খরিদ করিয়া ভোগদখল করিতে থাকেন। তৎপর মানময়ী দাসী ও দীননাথ দত্ত

100 Rs.

INDIA NON JUDICIAL

१००रु. Rs 100

भारत


एक सौ रुपया ONE HUNDRED RUPEES

॥ ৩ ॥

Rabindra Nath Ghosh.
Ramendra Nath Ghosh
Rathindra Nath Ghosh

মহাশয় পরলোক গমন করিলে তাঁহাদের ওয়ারেশ উত্তরাধিকারী সূত্রে ১। মদন মোহন দত্ত, ২। সমরেন্দ্র নাথ দত্ত, ৩। অমরেন্দ্র নাথ দত্ত, ৪। শ্রীমতী শিশুবালা দত্ত মালিক থাকিয়া উক্ত জমি ভোগদখল এবং তাহাদের নামে হাল সেটেলমেন্ট জরিপে রেকর্ড হইয়া ফাইনাল পাবলিষ্ট হয়। তৎপর তাহাদের এজমালিতে ভোগদখল করিবার অসুবিধা হওয়ায় বিগত ইং ৩০।৯।১৯৫৫ তারিখে অত্র দলিল দাতাগণ তাহাদের নিজ অর্থে ও স্বার্থে তাহাদের পিতা অধুনা মৃত বীরেন্দ্র ঘোষ মহাশয়ের নাম বরাবর এককেতা কোবালা বলে উক্ত দাগের ৯৩ শতক জমির মধ্যে দ৪।।০ কাঠা ভূমি উক্ত মালিক গণের নিকট ২২৫৩ বিক্রয় করেন। উক্ত কোবালা আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসে বুক নং ১, ভল্যুম নং ১১৬, পাতা ২৬৮ হইতে ২৭১, দলিল নং ৭২৬২নং, সন ১৯৫৫ সালে আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসে

40 Rs.




॥ ৪ ॥

Rabindra Nath Ghosh.
Ramendra Nath Ghosh
Rathindra Nath Ghosh

অফিসে লিপিবদ্ধ আছে। তৎপর অত্র কোবালা দাতাগণ উক্ত বিক্রিত জমিতে তাঁহাদের স্বত্ব সাব্যস্ত করিবার জন্য তাঁহাদের উক্ত বীরেন্দ্র চন্দ্র ঘোষ মহাশয়ের বিরুদ্ধে একক স্বত্ব সাব্যস্তের ডিক্রি জারির মোকর্দ্দমা আনয়ন করেন। উক্ত মামলা বিগত ইং ১৯৬৮ সালে আলিপুর ৫ম মুনসেফী আদালতে ৩৬৪।৬৮ নম্বর টাইটেল সুট বলিয়া লিপিবদ্ধ হয়, এবং কোবালা দাতাগণ উক্ত মামলায় আদালত হইতে উক্ত জমির ষোল আনা স্বত্বের মালিকের ডিক্রি প্রাপ্ত হয়। অত্র দলিল দাতাগণ একক ষোল আনা মালিক সাব্যস্ত হইয়া ভোগদখল করিতে থাকেন, এবং আমাদের পিতা বিগত ইং ১৯৬৯ সালের জুন মাসে পরলোক গমন করিলে এমতাবস্থায় আমরা ষোল আনা মালিক থাকিয়া যৌথ নাম পত্তন পূর্ব্বক করাদি ট্যাক্সাদি আদায় দিয়া ফলের বাগান রূপে উক্ত জমি এজমালিতে ভোগদখল করিতেছি।

এক্ষণে আমাদের নানা কারণ বশতঃ নগদ টাকার বিশেষ আবশ্যক বিধায় নিম্ন তপশীলে বর্ণিত ভূমি বিক্রয় করিবার ঘোষণা করিলে গ্রাহকগণ মধ্যে আপনি

5 Rs

INDIA

पाँच रुपये

सत्यमेव जयते

FIVE RUPEES भारत FIVE RUPEES




Rabindra Nath Ghosh

Ramendra Nath Ghosh

Rathindra Nath Ghosh

আপনি তাহা অবগত হইয়া বর্ত্তমান বাজার দরাপর সর্ব্বোচ্চ পণে মবলগে ১৫,০০০.০০ পনের হাজার টাকা মূল্যে খরিদ করিতে রাজি থাকিয়া আমাদের নিকট প্রকাশ ও প্রস্তাব করায় এবং আমরা আপনার প্রস্তাবে রাজি হইয়া অদ্যকার তারিখে আপনার নিকট হইতে পণের সমুদয় মং ১৫,০০০.০০ পনের হাজার টাকা নগদ গ্রহণ করিয়া আপনার নাম বরাবর অত্র নিঃস্বত্ব সাফ কোবালা দলিল লিখিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গিকার, প্রকাশ ও প্রস্তাব করিতেছি যে, বিক্রিত সম্পত্তিতে আমাদের যাহা স্বত্ব, স্বামিত্ব, লভ্য, হক, হকিয়ৎ এবং দখলাদি ছিল বা আছে তৎসমুদয় চিরকালের জন্য ধ্বংস ও লোপ পাইয়া নির্ব্যূঢ় স্বত্বে আপনাতে বর্ত্তাইল ও অর্পিল। আপনি অদ্য হইতে আমাদের বিক্রিত সম্পত্তির যাবতীয় স্বত্বে মালিক ও দখলিকার থাকিয়া মালিক সেরেস্তায় ও স্থানীয় মিউনিসিপ্যালিটীতে আমাদের নামের স্থলে আপনার নিজ নাম পত্তন পূর্ব্বক করাদি ও ট্যাকসাদি আদায় দিয়া দালান, ইমারতাদি প্রস্তুতে মায় দান, বিক্রয়, বন্ধক হস্তান্তর, অবস্থান্তর ও রূপান্তরাদির অধিকারী থাকিয়া

1R৳






Rabindra Nath Ghosh.
Ramendra Nath Ghosh
Rathindra Nath Ghosh

থাকিয়া যায় উক্ত কমন প্যাসেজের উপর দিয়া ইলেকট্রিক লাইট, জলের কলের পাইপ,জল নিস্কাশনের ড্রেন, গ্যাস, টেলিফোন ইত্যাদি লইয়া যদৃচ্ছামত ব্যবহারে পরম সুখে নিয়ত মালিক থাকিয়া চিরকালের জন্য ভোগদখল করিতে থাকুন, তাহাতে কস্মিন কালেও আমরা কিংবা আমাদের ওয়ারিশানগণেরা কেহ কোনদিন কোন সময়ে কোন রকম ওজর আপত্তি কিংবা দাবীদাওয়া করিব না বা করিতে পারিবেন না, করিলে তাহা অত্র দলিল বলে সর্ব্বস্থানে সর্ব্বাদালতে বাতিল নামঞ্জুর বলিয়া গণ্য হইবে ।

অত্র বিক্রিত ভূমি আমরা ইতি পূর্ব্বে অন্য কাহারও নিকট কোন প্রকার দান, বিক্রয়, বন্ধক, হস্তান্তর, অবস্থান্তর ইত্যাদি কোন কিছু করি নাই, বা অপর কাহারও নামে বায়না করি নাই, বা সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান দ্বারা নিলাম বিক্রয় ক্রোকাবদ্ধ কোন কিছু হয় নাই, বা ল্যাণ্ড এ্যাকুইজিশান ডিপার্টমেন্ট কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই, বা কোন প্রকার ভেষ্টেড সম্পত্তি

Rabindra nath Ghosh
Ramendra Nath Ghosh
Rathindra nath Ghosh

সম্পত্তি নহে,বা কোন প্রকার বালক বালিকাগণের খেলার মাঠ নহে,বা কোন প্রকার দেবোত্তর কি পীরোত্তর সম্পত্তি নহে,বা কোন দেব সেবায় অর্পন করি নাই,বা কোন প্রকার বেনামী সম্পত্তি নহে,বা অপর কাহারও নামে বেনামী করিয়া রাখি নাই,বা কোন প্রকার বাকি খাজনার দায়ে আদালতে নালিশ দায়ের নাই,বা কাহারও খোর পোষের দায়ে আবদ্ধ রাখি নাই,বা কোন প্রকার প্রজাবিলি বন্দোবস্ত দেওয়া নাই,বা কোন প্রকার ভাগচাটিয়া গণ্ডন নাই। সম্পূর্ণ নির্দায় নির্দোষ মুক্ত অবস্থায় এবং আমাদের খাস দখলে থাকাবস্থায় আপনার নিকট বিক্রয় করিলাম ও খোলসা মনে খাস দখল দিলাম।

তবে যদি ভবিষ্যতে আমাদের উপরোক্ত বা নিম্নোক্ত কোন একটি উক্তি মিথ্যা বা অশুদ্ধ প্রমানিত হয় বা তজ্জন্য যদি আপনার খরিদা স্বত্বের কোন প্রকার বাধা বিঘ্ন ঘটে কি জন্মে তাহা হইলে চাহিবা মাত্র আমরা মায় আমাদের ওয়ারিশানগণেরা আপনার দেওয়া পণের সমুদয় টাকা নগদ এক কালীন ফেরত দিব ও দিবে। যদি সহজে আদায় না দেই বা দেয় তাহা হইলে মাফিক আইন আমলে আসিব,এবং আসিবেক। অত্র সহ দাখিলী প্ল্যান অত্র দলিলের একাংশ দলিল বলিয়া গণ্য হইবে।

অত্র দলিল লিখিতে যদি কোন প্রকার ভুল চুক থাকা প্রকাশ পায় তজ্জন্য যদি আপনার কোনরূপ সংশোধনী দলিল করিবার আবশ্যক হয় তজ্জন্য বিনা পণে আপনার নিজ খরচে এক বা একাধিক সংশোধনী দলিল রেজিষ্ট্রী করিয়া দিতে আমরা মায় আমাদের ওয়ারিশান গণ বাধ্য থাকিলাম ও থাকিব।

Rabindra Nath Ghosh

Ramendra Nath Ghosh

Rathindra Nath Ghosh

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের লিখিত পণের সমুদয় মং ১৫,০০০.০০ পনের হাজার টাকা এক কালীন বুঝিয়া পাইয়া অত্র দলিলের সার মর্ম্ম সম্যক অবগত হইয়া অত্র কোবালা আপনার বরাবর সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি সন ১৩৮৯ সালের ২৬ শে আশ্বিন, ইংরাজী সন ১৯৮২ সালের ১৩ ই অক্টোবর।

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় :-
ও তাহার চৌহদ্দি -

জেলা ২৪ পরগণা, থানা বেহালা, হাল ঠাকুরপুকুর, সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটীর অধিন সাবরেজিষ্ট্রী অফিস আলিপুর, পরগণা খাসপুর, তৌজি নং ৮, রেঃ সাঃ নং ২৮, জেঃ এলঃ নং ১২, মৌজা সৈয়দপুর গ্রামে যাহার বর্ত্তমান মালিক পশ্চিম বঙ্গ সরকারের পক্ষে ২৪ পরগণা কালেক্টার বাহাদুর হইতেছেন। উহার মোট জমা ১২।৶৬ পাই টাকা ধার্য্য আছে। হারাহারি ভাবে বিক্রিত জমির বার্ষিক খাজনা .৩০ পয়সা আদায় দিতে হইবে। উহার সাবেক খতিয়ান নং ১৪৫, হাল খতিয়ান নং ১৬৬, দাগ নং ৪৯৭ চারিশত সাতানব্বুই। উক্ত দাগের মধ্যে যাহা অত্র সহ দাখিলী প্ল্যানে লাল রংয়ে রঞ্জিত বর্ডার দ্বারা চিহ্নিত কমবেশী ৶৩।৵০ তিন কাঠা নয় ছটাক বাগান জমি সায় যাতায়াতের জন্য ১০´ দশ ফুট ও ৭´ সাত ফুট কমন প্যাসেজ বিদ্যমান আছে। উক্ত কমন প্যাসেজের যাবতীয় ইজমেন্ট রাইট সহ সমুদয় আকর আওলাতাদি সহ অত্র দলিলে বিক্রিত সম্পত্তি হইতেছে। উহা

Rabindra Nath Ghosh
Ramendra Nath Ghosh
Rathindra Nath Ghosh

উহা বর্ত্তমানে বাগানরূপ ফল চাষের দ্বারা ব্যবহৃত হয় । উহার ওয়ার্ড নম্বর ১৯ ।

হোল্ডিং নম্বর

তপশীল চৌহদ্দি ঃ–

| | | |
|---|---|---|
| উত্তরে | ঃ– | ১০´ দশ ফুট প্রশস্ত কমন প্যাসেজ । |
| দক্ষিণে | ঃ– | অত্র দাগের জমি । |
| পূর্ব্বে | ঃ– | ৭´ সাত ফুট প্রশস্ত কমন প্যাসেজ । |
| পশ্চিমে | ঃ– | ৪৪৩/৭২০ নং দাগের জমি । |

তপশীল টাকার জায় ঃ–

অদ্য তারিখে –

১০০.০০ একশত টাকার নোট হিসাবে ১৫০ কেতায় – ১৫,০০০.০০ টাকা

মোট – ১৫,০০০.০০ টাকা মাত্র,

মবলগে পনের হাজার টাকা নগদ বুঝিয়া পাইলাম ।

Rabindra Nath Ghosh.
Ramendra Nath Ghosh
Rathindra Nath Ghosh.

ইসাদী ঃ–

Kali Charan Sen
5/1 F Keya Talabagan

টাইপকারক ঃ–

আলিপুর পুলিশ কোর্ট,

কলিকাতা – ৭০০০২৭।